



গরীবে নেওয়াজ উচ্চ বিদ্যালয় GARIB-E-NEWAZ HIGH SCHOOL

ব্লক-আই, হালিশহর হাউজিং এন্ডেট, থানা-হালিশহর, চট্টগ্রাম। EIIIN # 104664, বিদ্যালয় কোড # ৩০১৬
ফোন : ৭১২৬২৮, ইমেইল-gnhsc@yahoo.com, Web : gnsc.edu.bd

স্থাপিত ১৯৮০ ইং



বিজ্ঞপ্তি নম্বর: ৩৩১/২০২৬

তারিখ: ২ আষাঢ় ১৪৩৩ বঙ্গাব্দ
১৬ জুন ২০২৬ খ্রিষ্টাব্দ

বিজ্ঞপ্তি

বিষয়: শ্রেণিকক্ষে শিক্ষার্থীদের উপস্থিতি নিশ্চিতকরণ প্রসঙ্গে।

এতদ্বারা অত্র প্রতিষ্ঠানের সকল শিক্ষার্থীর অবগতির জন্য জানানো যাচ্ছে যে, শিক্ষার্থীদের নিয়মিত শ্রেণি-উপস্থিতি নিশ্চিতকরণ, পাঠদান কার্যক্রমে সক্রিয় অংশগ্রহণ বৃদ্ধি করা এবং শিক্ষার সার্বিক মানোন্নয়নের নিমিত্তে প্রতিষ্ঠানের একাডেমিক কার্যক্রম ব্যাপকভাবে বৃদ্ধির লক্ষ্যে শ্রেণিকক্ষে উপস্থিতির ভিত্তিতে নম্বর প্রদানের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

যেসকল শিক্ষার্থীর শ্রেণিকক্ষে উপস্থিতির হার ন্যূনতম ৭০% বা তার অধিক হবে, তারা অর্ধ-বার্ষিক ও প্রাক-নির্বাচনী পরীক্ষা-২০২৬-এ উপস্থিতির জন্য প্রতি বিষয়ে ০৫ (পাঁচ) নম্বর প্রাপ্ত হবে। উক্ত নম্বর পরীক্ষায় প্রাপ্ত মূল নম্বরের সঙ্গে যোগ করা হবে এবং চূড়ান্ত ফলাফল প্রণয়নের ক্ষেত্রে উক্ত নম্বর বিবেচনায় রাখা হবে। উপস্থিতির হার নির্ধারণের ক্ষেত্রে প্রতিষ্ঠানের অফিসিয়াল উপস্থিতি রেজিস্টার (হাজিরা খাতা) ও শ্রেণি শিক্ষকের নিকট সংরক্ষিত উপস্থিতির তথ্যকে চূড়ান্ত হিসেবে গণ্য করা হবে। কোনো শিক্ষার্থীর উপস্থিতির হার ৭০%-এর কম হলে সে এ সুবিধার জন্য বিবেচিত হবে না।

এছাড়াও জানানো যাচ্ছে যে, অর্ধ-বার্ষিক ও প্রাক-নির্বাচনী পরীক্ষা-২০২৬-এর পর শ্রেণিকক্ষে শিক্ষার্থীদের ৭০% উপস্থিতি না থাকলে প্রতিদিন অনুপস্থিতির জন্য ৫০ টাকা (পঞ্চাশ) জরিমানা ধার্য করা হবে।

অতএব, সকল শিক্ষার্থীকে নিয়মিতভাবে শ্রেণিকক্ষে উপস্থিত থাকা, পাঠদান কার্যক্রমে অংশগ্রহণ করা এবং নির্ধারিত উপস্থিতির হার বজায় রাখার জন্য বিশেষভাবে নির্দেশ প্রদান করা হলো।

-বিষয়টি অতীব জরুরি।

এম.এ মমেন
সহকারী প্রধান শিক্ষক
গরীবে নেওয়াজ উচ্চ বিদ্যালয়
হালিশহর, চট্টগ্রাম।

মোহাম্মদ রফিকুল ইসলাম
প্রধান শিক্ষক
গরীবে নেওয়াজ উচ্চ বিদ্যালয়
হালিশহর, চট্টগ্রাম।
gnhsc@yahoo.com